তারিখ ২০ DEC 2015
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

কালের কণ্ঠ

### জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

# বীর সন্তানদের প্রতি শ্রদ্ধা নিবেদন



শহীদদের প্রতি শুভসংঘের শ্রদ্ধাঞ্জলি

এম এস বি নাজনীন লাকী ▷

লাখো বীরের আত্মত্যাগে আজ আমরা স্বাধীন জাতি হিসেবে বিশ্বের বুকে মাথা তুলে দাঁড়াতে পারছি। জাতি আজও ভোলেনি একাত্তরের সেই বীর সেনাদের। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে নানা আয়োজনের মাধ্যমে উদ্‌যাপন করা হয়েছে মহান বিজয় দিবস-২০১৫। জাতীয় পতাকা উত্তোলন, স্বাধীনতা স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ, বিজয় শোভাযাত্রা, আলোচনা সভা এবং দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করে শুভসংঘের বন্ধুরা। সকাল ১১টা ৩০ মিনিটে প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহীত উল আলম। এরপর ক্যাম্পাসে স্থাপিত স্বাধীনতা স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করেন তিনি। এরপর ক্রমান্বয়ে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, অগ্নিবীণা হলের প্রভোস্ট, দোলনচাঁপা হলের প্রভোস্ট, প্রক্টরিয়াল বডি, শিক্ষক সমিতি, সাংবাদিক সমিতি, শুভসংঘ, অফিসার্স অ্যাসোসিয়েশন ও বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে স্বাধীনতা স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করা হয়। পুষ্পার্পণ শেষে একটি বিজয় শোভাযাত্রায় নেতৃত্ব দেন উপাচার্য। শোভাযাত্রাটি ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে প্রশাসনিক ভবনের সামনে শেষ হয়। এরপর সংক্ষিপ্ত আলোচনায় উপাচার্য বলেন, 'এক সাগর রক্তের বিনিময়ে আমরা এ দেশের স্বাধীনতা পেয়েছি। মেধা, যোগ্যতা ও ন্যায়নিষ্ঠা দিয়ে এখন আমাদের এ দেশকে এগিয়ে নিতে হবে। একটি সমৃদ্ধ দেশ গড়তে পারলেই কেবল আমরা মুক্তিযোদ্ধাদের ঋণ শোধ করতে পারব।' মহান বিজয় দিবসের অনুষ্ঠানে শুভসংঘের সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন মাজহারুল ইসলাম সালমানি, আরমিন আক্তার, হাবিবুর রহমান চৌধুরী, ফারিয়া ইতি, মাহমুদা স্বর্ণা, সানজিদা হক ভাবনা, সুজন ভৌমিক, ফারহানা সেতু, সাখাওয়াত হোসেন সিফাত এবং বিশ্ববিদ্যালয় শাখার আহবায়ক এমএসবি নাজনীন লাকী।